সাবেক প্রতিমন্ত্রী ফরহাদের স্ত্রী ৩ দিনের রিমান্ডে

জুলাই গণঅভ্যুত্থানে নিউমার্কেট থানা এলাকায় আব্দুল ওয়াদুদ হত্যা মামলায় যুব মহিলা লীগের (বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ) কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলামকে জিজ্ঞাসাবাদের জন্য তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। তিনি সাবেক জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের স্ত্রী।

বৃহস্পতিবার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আওলাদ হোসাইন মুহাম্মদ জোনাইদ রিমান্ডের এ আদেশ দেন।

নয়টি মামলায় উচ্চ আদালত থেকে জামিন লাভের পর গত ১২ আগস্ট তাকে নিউমার্কেট থানার এ মামলায় গ্রেপ্তার দেখানো হয়।

এরপর তার বিরুদ্ধে সাতদিনের রিমান্ড চেয়ে আবেদন করেন তদন্ত কর্মকর্তা ডিবির রমনা জোনাল টিমের পরিদর্শক আমজাদ হোসেন তালুকদার।

সেই আবেদনের শুনানির জন্য আজ দিন ছিল।

রাষ্ট্রপক্ষ তার রিমান্ড আবেদনের পক্ষে শুনানি করেন। আসামিপক্ষে আইনজীবী রিমান্ড বাতিলসহ জামিন আবেদন করেন। শুনানি শেষে বিচারক তার তিনদিনের রিমান্ড মঞ্জুর করে আদেশ দেন।

মামলার নথি অনুযায়ী, জুলাই আন্দোলনের সময় ২০২৪ সালের ১৯ জুলাই বিকেলে নিউমার্কেট থানাধীন নীলক্ষেত এলাকায় আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে নিহত হন ব্যবসায়ী আব্দুল ওয়াদুদ। এ ঘটনায় তার শ্যালক আব্দুর রব নিউমার্কেট থানায় হত্যা মামলা করেন।

মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরসহ ১৩০ জনকে আসামি করা হয়েছে।

উল্লেখ্য, গত বছরের ১৬ ফেব্রুয়ারি রাতে ঢাকার ইস্কাটন রোডের একটি বাড়ি থেকে সৈয়দা মোনালিসাকে গ্রেপ্তার করে পুলিশ।

জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তিতে মেহেরপুর জেলা বিএনপির র্যালি

৫ আগস্ট ছাত্র-জনতার ঐতিহাসিক গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিজয় র্যালি অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মেহেরপুর কলেজ মোড় এলাকা থেকে র্যালিটি শুরু হয়। র্যালি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ওয়াবদার মোড়ে গিয়ে শেষ হয়।

জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন এবং জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে র্যালিতে সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক এ্যাড. এহান উদ্দিন মনা, বিএনপি নেতা হাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, জাসাসের সদস্য সচিব এ বাকা বিল্লাহসহ বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

এর আগে কলেজ মোড় এলাকায় আয়োজিত এক সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন এবং জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। তাঁরা ঐতিহাসিক গণঅভ্যুত্থানের তাৎপর্য তুলে ধরেন এবং গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখার আহ্বান জানান।

মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের জুলাই গণঅভ্যুত্থান দিবস পালন

৩৬ জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের একান্ত সচিব ড. মো. তারিক আজিজের সঞ্চালনায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও অনুষ্ঠান আয়োজন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আতাউর রহমান, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সম্পাদক কাউছার আলী এবং মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলম বকুল।

এছাড়া বক্তব্য দেন উপ-উপাচার্যের পিএস সৌরভ মজুমদার, হিসাবরক্ষণ কর্মকর্তা আবু সাঈদ এবং সেকশন অফিসার কাজী মইনুল হক। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে কলেজ মোড়ে অবস্থিত ৩৬ জুলাই স্মৃতিসৌধে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করে।

আলোচনা সভায় উপ-উপাচার্য প্রফেসর ড. আতাউর রহমান ভাষা আন্দোলন, ১৯৬৯-এর গণঅভ্যুত্থান, মহান মুক্তিযুদ্ধ, ১৯৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং ২০২৪ সালের গণঅভ্যুত্থানে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, দেশের মানুষের অধিকার প্রতিষ্ঠায় শিক্ষক-শিক্ষার্থীসহ সাধারণ মানুষ সবসময় সংগ্রাম করেছে এবং ভবিষ্যতেও গণতন্ত্র ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ থাকতে হবে।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. তোজাম্মেল হোসেন বলেন, “জুলাই চেতনায় গড়ব দেশ, সবার আগে বাংলাদেশ।” তিনি বলেন, অন্যায়-অবিচারের বিরুদ্ধে দেশের মানুষ সবসময় রুখে দাঁড়িয়েছে এবং ভবিষ্যতেও গণতন্ত্র, সুশাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। তিনি শিক্ষার্থীদের

লেখাপড়ায় মনোযোগী হওয়ার আহ্বান জানান এবং শিক্ষকদের শিক্ষার্থীদের সঙ্গে অভিভাবকসুলভ সম্পর্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠান শেষে গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

‎গাংনীতে জুলাই গণঅভ্যুত্থান দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে জুলাই গণঅভ্যুত্থান দিবস পালিত হয়েছে।দিবসটি উপলক্ষে বুধবার সকালে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

‎গাংনী উপজেলা প্রশাসন দিবসটি পালনের আয়োজন করে।উপজেলা অডিটোরিয়াম অনুষ্ঠিত আয়োজনে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন।

‎অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা কৃষি অফিসার মতিউর রহমান।সভায় বক্তব্য রাখেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাবিদ হোসেন,গাংনী থানার ওসি মুজাদ্দিদ মোর্শেদ চৌধুরী,

‎গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু,উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল,পৌর বিএনপি’র সভাপতি মকবুল হোসেন মেঘলা,উপজেলা জামায়াতের আমীর রবিউল ইসলাম।উপজেলা জামাতের ক্যাশিয়ার জিল্লুর রহমান,সাবেক সেনা সদস্য নজরুল ইসলাম,এনসিপির উপজেলা শাখার সাবেক সদস্য সচিব মুজাহিদুল ইসলাম।

‎এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন।

‎গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান বাবলু,সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।‎

‎অনুষ্ঠানের শুরুতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পরে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়।

জুলাই গণঅভ্যুত্থান দিবসে মেহেরপুরে শহীদদের প্রতি শ্রদ্ধা

জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ উপলক্ষে মেহেরপুরে জুলাই শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। আজ বুধবার সকালে মেহেরপুর কলেজ মোড়ে নির্মিত জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণের মাধ্যমে শহীদদের স্মরণ করা হয়।

জেলা প্রশাসক শিল্পী রানী রায় ও জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন জেলা প্রশাসনের পক্ষে সর্বপ্রথম শ্রদ্ধা নিবেদন করেন। এরপর পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় জেলা পুলিশের পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন।

পর্যায়ক্রমে জেলা পরিষদের পক্ষে জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপি সভাপতি জাবেদ মাসুদ মিলটন, মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, সরকারি কলেজের পক্ষে সরকারি কলেজের সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবির মেহেরপুর পৌরসভার পক্ষে পৌর প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষে সিভিল সার্জন ডা.এটিএম আবু সাঈদ, গণপূর্ত বিভাগের পক্ষে গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী রকিবুল ইসলাম,জেলা আনসারও ভিডিপি’র পক্ষে জেলা কমান্ড্যান্ট আল-আমিন, সদর উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.আনজুমান আরা,মেহেরপুর জেলা বিএনপির পক্ষে জেলা বিএনপি সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সাধারন সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা জামায়াতে ইসলামির পক্ষে জেলা সেক্রেটার ইকবাল হোসেন, জেলা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পক্ষে উপ পরিচালক সঞ্জীব মৃধা, প্রাণিসম্পদ বিভাগের পক্ষে প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জল হোসেন, জেলা খাদ্য অফিসের পক্ষে সদর উপজেলা খাদ্য অফিসার এরশাদ আলী, সড়ক বিভাগের পক্ষে নির্বাহী প্রকৌশলী মিজানুর রহমান,জেলা পরিবার পরিকল্পনা বিভাগের পক্ষ থেকে ডা. রফিকুল আলম, যুব উন্নয়নের পক্ষে জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষক আমিনুল ইসলাম, জেলা শিক্ষা অফিসের পক্ষে ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার আব্দুর রাহিম, মৎস্য অধিদপ্তরের পক্ষে জেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম,জেলা ক্রীড়া সংস্থার পক্ষে সদস্য সচিব রকিবুল হাসান রিপনসহ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,র্যাব, পল্লী বিদ্যুৎ সমিত, পানি উন্নয়ন বোর্ড, এন সি পি, বিএডিসি’র পক্ষ থেকে পুষ্প মাল্য আর্পন করা হয়। পরে সেখানে জুলাই গণঅভ্যুত্থানে নিহত ব্যক্তিদের মাগফেরাত কামনায় দোয়া করা হয়। এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সদর থানার অফিসার্স ইনচার্জ হুমায়ুন কবির, সমবায় কর্মকর্তা এনামুল হক,জেলা কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং সংস্থা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পমাল্য অর্পণ করে।

শ্রদ্ধা নিবেদন শেষে জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে আলোচনা সভা

‘মানবতা, আত্মত্যাগ ও জাতীয় চেতনায় শহীদদের অবদান’ এই শ্লোগানে ঝিনাইদহে জুলাই অভ্যুত্থান দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল হয়েছে।

মঙ্গলবার (৪ আগষ্ট) সকালে ঝিনাইদহ রেড ক্রিসেন্টের সম্মেলন কক্ষে

এ আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় রেড ক্রিসেন্ট সোসাইটির ঝিনাইদহ ইউনিটের সেক্রেটারি আহসান হাবীব’র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সোসাইটির চেয়ারম্যান ও জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. এম এ মজিদ। এছাড়াও বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, রেড ক্রিসেন্ট সোসাইটির কার্যনির্বাহি সদস্য মিজানুর রহমান সুজন, জিয়াউল ইসলাম ফিরোজ, নাজিমউদ্দীন জুলিয়াস, তহুরা খাতুন, ইউনিট অফিসার, যুব প্রধান ফয়সাল ইসলাম।

সেসময় বক্তারা, জুলাই গণভ্যুত্থানে শহীদদের আত্মত্যাগ জাতির জন্য এক অনন্য দৃষ্টান্ত স্মরণ করিয়ে তাদের আদর্শ ও ত্যাগের চেতনা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে সকলের প্রতি আহবান জানান। আলোচনা শেষে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

পূর্বের সরকার দিল্লীতে জায়গা পেয়েছে, আপনারা বঙ্গপোসাগরেও জায়গা পাবেন না: রবিউল ইসলাম

জুলাইয়ের গণ রায়, জনগণের ৭০ পার্সেন্ট ভোটের মাধ্যমে এদেশে ইনসাফ ভিত্তিক কল্যাণমুলক রাষ্ট্র গঠন করতে হবে। কিন্তু তারা এই রায় প্রত্যাক্ষান করেছে। বিগত ১৭ বছর যে সরকার বাংলাদেশ জামায়াতে ইসলামের সঙ্গে পারেনাই। রায় বাস্তবায়ন করে সঠিক গণতন্ত্র ফিরিয়ে আনেন নচেৎ পূর্বের সরকার দিল্লীতে জায়গা পেয়েছে, আপনারা বঙ্গপোসাগরেও জায়গা পাবেন না বলে মন্তব্য করেছেন গাংনী উপজেলা জামায়াতের আমির রবিউল ইসলাম।

গতকাল শনিবার বিকেলে জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে গণহত্যার বিচার, জুলাই সনদের পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং শহীদদের স্মরণে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এ কথ্গুলো বলেন।

মেহেরপুরের গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে গাংনী বাসস্ট্যান্ড চত্বরে গিয়ে সমাবেশের মাধ্যমে কর্মসূচি শেষ হয়।

সমাবেশে বক্তব্য রাখেন জেলা শূরা সদস্য মাওলানা আব্দুল মজিদ, মাওলানা আব্দুর রহমান, পৌর জামায়াতের আমির আহসানুল হক, পৌর জামায়াতের সেক্রেটারি ওয়াস কুরুনী জামিল এবং বায়তুল মাল সম্পাদক জিল্লুর রহমান।

বক্তারা জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং আহতদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। তারা গণহত্যার সঙ্গে জড়িতদের দ্রুত ও নিরপেক্ষ বিচারের দাবি জানান। পাশাপাশি জুলাই সনদের পূর্ণাঙ্গ বাস্তবায়নের মাধ্যমে জনগণের প্রত্যাশা পূরণের আহবান জানান। কর্মসূচিতে উপজেলা ও বিভিন্ন ইউনিয়ন জামায়াতের আমির, সেক্রেটারিসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরে ১১ দলীয় জোটের গণমিছিল

জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী ও গণভোটের গণরায় বাস্তবায়নের দাবিতে মেহেরপুরে গণমিছিল করেছে ১১ দলীয় জোট। শনিবার (৪ জুলাই) বিকেলে আয়োজিত এ কর্মসূচিতে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

গণমিছিলে সভাপতিত্ব করেন জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাহবুব উল আলম।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামীর সুরা কমিটির সদস্য ও সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমির খান জাহান আলী, পৌর আমির সোহেল রানা ডলার, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম এবং ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি সাইদুর রহমানসহ বিভিন্ন রাজনৈতিক ও

সামাজিক সংগঠনের নেতাকর্মীরা।

কর্মসূচিতে অংশগ্রহণকারীরা জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের প্রতি শ্রদ্ধা জানান এবং গণতন্ত্র, ন্যায়বিচার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার দাবিতে বিভিন্ন স্লোগান দেন।

ঝিনাইদহে আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতা

‘তারুণ্যের একতা গড়বে আগামীর শুদ্ধতা’ এ শ্লোগানে ঝিনাইদহে জুলাই গণঅভ্যুত্থানে ছাত্র সমাজের ভুমিকা শীর্ষক আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার দুপুরে ঝিনাইদহের কাঞ্চনগর মডেল স্কুল এন্ড কলেজে এ অনুষ্ঠানের আয়োজন করে দুদক সমন্বিত জেলা কার্যালয় ও জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি।

কাঞ্চনগর মডেল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দুদুকের সহকারী পরিচালক বজলুর রহমান। বিশেষ অতিথি ছিলেন দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) জেলা কমিটির সাবেক সাধারণ সম্পাদক এন এম শাহজালাল, সহ-সভাপতি আমিনুর রহমান টুকু, বর্তমান কমিটির সাধারণ সম্পাদক বাবলু কুন্ডু, সদস্য সুষেন্দু কুমার ভৌমিক, রুহুল আমিন, সাইদুর রহমান, তরিকুল ইসলাম রনি। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে রচনা প্রতিযোগিতায় অংশ নেওয়া বিজয়ীদের মাঝে পুরস্কার ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

এর আগে স্কুল প্রাঙ্গণে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ৮ টি বিদ্যালয়ের ৬৭ জন শিক্ষার্থী অংশ নেয়।